**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 04-09-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M.** **Compiling :**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ R G KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আগামীকাল সুপ্রিম কোর্টের স্বতঃপ্রণোদিত মামলার শুনানি থাকলেও, তা' ঘিরে অনিশ্চয়তা তৈরী হয়েছে।

২/ আর্থিক দুর্নীতি মামলায় কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে CBI-এর হাতে ধৃত সন্দীপ ঘোষ, সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন।

৩/ R G KAR কান্ডের প্রতিবাদে আজ'ও বিভিন্ন জায়গায় মিটিং মিছিল, বিক্ষোভ কর্মসূচী চলছে। # আজ রাতে এক ঘন্টা আলো নিভিয়ে প্রতিবাদের ডাক দিয়েছে পশ্চিমবঙ্গ জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট।

৪/ আরজি কর কান্ডের প্রতিবাদে সরকারি হাসপাতালে জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে রাজ্যে রোগী পরিষেবায় ব্যপক প্রভাব পড়েছে।

৫/ পশ্চিমবঙ্গ সহ সারা দেশে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে 'অ্যাকশন টেকেন রিপোর্ট' তলব করেছে কেন্দ্র।

৬/ বেলঘরিয়ায়, বচসার জেরে এক কিশোরীর ওপর ধারালো অস্ত্র নিয়ে হামলার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৭/ হরিয়ানায় কাজে করতে গিয়ে গণপিটুনির বলি সাবির মল্লিকের স্ত্রীকে চাকরী দিয়েছে রাজ্য সরকার।

*************************************************************

R G KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আগামীকাল সুপ্রিম কোর্টের স্বতঃপ্রণোদিত মামলার শুনানি থাকলেও, তা' ঘিরে অনিশ্চয়তা তৈরী হয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের অধীনে কোনো মামলার'ই আগামীকাল শীর্ষ আদালতে শুনানি হবে না বলে নোটিশ জারি হয়েছে। স্বাভাবিকভাবেই এই মামলার'ও শুনানি পিছিয়ে যেতে পারে বলে মনে করা হচ্ছে।

গতবারের শুনানিতে CBI এই মামলায় তদন্তের স্ট্যাটাস রিপোর্ট জমা দেবার পর ধর্ষণ ও হত্যাকান্ডে না হলেও, আর্থিক দুর্নীতি মামলায় গ্রেপ্তার হন হাসপাতালের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। আদালত ১০'ই সেপ্টেম্বর পর্যন্ত সন্দীপ ঘোষ এবং তাঁর সঙ্গে ধৃত অন্য তিনজনের CBI হেফাজতের নির্দেশ দেয়।

এরই মধ্যে আর্থিক দুর্নীতি মামলার তদন্ত সিটের কাছ থেকে সরিয়ে CBI-কে দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে, সন্দীপ সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন। তাঁকে মত প্রকাশের কোনো সুযোগ না দিয়ে হাইকোর্ট, কেন্দ্রীয় সংস্থার হাতে মামলা হস্তান্তর করেছে বলে সন্দীপ তাঁর আবেদনে জানিয়েছেন। হাসপাতালের ঘটনায় তাঁর বিরুদ্ধে দুর্নীতির যে অভিযোগ উঠেছে, সেই প্রেক্ষিতে হাইকোর্টের পর্যবেক্ষণে তিনি ক্ষুব্ধ বলে জানান। আগামী শুক্রবার এই মামলার শুনানি হতে পারে।

অন্যদিকে, CBI তদন্তের অগ্রগতি নিয়ে তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ চারটি প্রশ্ন উত্থাপন করেছেন। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি কলকাতা পুলিশের হাতে ধৃত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায় একাই ধর্ষক ও খুনী নাকি অন্য কেউ জড়িত ছিল, এটি বিচ্ছিন্ন ঘটনা, নাকি কোনো চক্রের কাজ, তথ্য প্রমাণ লোপাটের চেষ্টা হয়ে থাকলে তা' কিসের ইঙ্গিত বহন করছে এবং যারা প্রমাণ লোপাটে যুক্ত, তাঁদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, সে ব্যাপারে CBI-কে শীর্ষ আদালতে জবার পেশ করার দাবী জানান তিনি।

এর আগে গতকাল RG KAR হাসপাতালে মোতায়েন থাকা CISF-এর সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারকে সহযোগিতার নির্দেশ দেওয়ার জন্য কেন্দ্র, শীর্ষ আদালতে আবেদন জানায়।

*************************

এদিকে, আজ'ও R G KAR কান্ডের প্রতিবাদে বিভিন্ন জায়গায় মিটিং মিছিল, বিক্ষোভ কর্মসূচী চলছে। পশ্চিমবঙ্গ জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট-এর মুখপাত্র অনিকেত মাহাতো জানিয়েছেন, আজ রাতে 'বিচার পেতে –আলোর পথে' শীর্ষক একটি কর্মসূচী গ্রহণ করা হয়েছে। রাত ৯-টা থেকে একঘন্টার জন্য সর্বত্র আলো নিভিয়ে প্রতিবাদে যোগ দেবার আহ্বান জানানো হয়েছে। আকাশবানীকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে অনিকেত বলেন-

(বাইট- অনিকেত )

'রাত দখলে'র এই কর্মসূচীকে সমর্থন জানিয়েছেন, তৃণমূল কংগ্রেস সাংসদ সুখেন্দু শেখর রায়। নিজের এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, রাতের দখল নেওয়ার পাশাপাশি সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত 'নাগরিকদের সম্মানের সঙ্গে বেঁচে থাকার মৌলিক অধিকার' সুরক্ষিত করা প্রয়োজন।

বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও কলকাতা শহরের পাশাপাশি জেলায় জেলায় আজ আরো একবার 'রাত দখলে'র কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

অন্যদিকে, KPC মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার চিকিৎসকেরা ন্যায় বিচারের দাবিতে যাদবপুর থেকে লর্ডস মোড় পর্যন্ত মিছিল করে। ডাক্তারদের পাশাপাশি যোগ দেন আইনজীবি, শিল্পী ও কলাকুশলীরা। পা মেলাতে দেখা যায় অভিনেত্রী স্বস্তিকা মুখোপাধ্যায়, শ্রীলেখা মিত্র সহ অন্যান্যদের। জামায় প্রতীকি মেরুদন্ড লাগিয়ে প্রতিবাদ জানানো হয়।

কলকাতা হাইকোর্ট সহ শহরের বিভিন্ন আদালত চত্ত্বরে আজ মানব বন্ধন করেন আইনজীবি ও কর্মীরা।

নিউটাউনে প্রযুক্তিবিদদের একটি সংগঠন, ন্যায় বিচারের দাবীতে মিছিল করে।

**************************

অন্যদিকে, ডোরিনা ক্রসিং-এ চলছে বিজেপির ধর্না কর্মসূচী। মঞ্চে উপস্থিত দলের নেতা দিলীপ ঘোষ বলেন, গোড়াতেই গলদ রয়েছে। তা' নির্মূল না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

(বাইট- দিলীপ )

জুনিয়ার ডাক্তারদের এক ঘন্টা আলো নিভিয়ে রাখার কর্মসূচী, সেখানেও পালিত হবে। একইসঙ্গে দলের পক্ষ থেকে আজ রাজ্যের বিভিন্ন ব্লকে ধর্না অবস্থান করা হয়। পূর্ব মেদিনীপুরের উত্তর কাথিঁতে এই কর্মসূচীতে যোগ দিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ফের একবার মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবীতে সরব হন।

পুরুলিয়ার মানবাজারে আজ পথে নামেন দৃষ্টিহীনরা। অন্যান্য দিব্যাঙ্গজনরাও ওই মিছিলে সামিল হন।

এদিকে, CBI তদন্তে ক্ষোভ প্রকাশ করে কংগ্রেস'ও আজ এক বিশাল মিছিল নিয়ে নিজাম প্যালেস অভিযান করে। মিছিলে যোগ দেন প্রবীণ কংগ্রেস নেতা আব্দুল মান্নান, অমিতাভ চক্রবর্তী, সন্তোষ পাঠক প্রমুখ। নিজাম প্যালেসের সামনে তাঁদের আটকে দেওয়া হলে রাস্তা অবরোধ করে কুশপুত্তলিকা দাহ করেন নেতা-কর্মীরা। সর্বত্রই ধর্ষণ ও খুনের ঘটনায় ন্যায় বিচারের পাশাপাশি মুখ্যমন্ত্রী এবং কলকাতা পুলিশের সি পি-র পদত্যাগ দাবী করা হছে। বিধানভায় ধর্ষণ-বিরোধী বিল পাশকে কটাক্ষ করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন  চৌধুরী।

( বাইট- অধীর )

অন্যদিকে, শ্যামবাজারে'ও SFI, DYFI-এর ধর্না কর্মসূচী চলছে।

**************************

আরজি কর কান্ডের প্রতিবাদে সরকারি হাসপাতালে জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে রাজ্যে রোগী পরিষেবায় ব্যপক প্রভাব পড়েছে। স্বাস্থ্য দফতর জানিয়েছে, হাসপাতালে আউটডোর পরিষেবা ও গুরুত্বপূর্ণ অস্ত্রোপচার প্রায় ৫০ শতাংশ কমেছে। স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম এই মর্মে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে রিপোর্ট পেশ করেছেন। জানা গেছে, এ সময়ে সরকারি মেডিক্যাল কলেজগুলিতে রোগী ভর্তির পরিমাণও ২৫ শতাংশ কমে গিয়েছে। প্রতি সপ্তাহে রাজ্যে সব মেডিক্যাল কলেজগুলিতে প্রায় ৫০০ থেকে ৬০০ গুরুত্বপূর্ণ অস্ত্রোপচার হয়। ১০ই আগস্ট ডাক্তারদের কর্মবিরতি চালু হওয়ার পর থেকে তা ৫০ শতাংশ হ্রাস পেয়েছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

এদিকে, সরকারি হাসপাতালের রোগী পরিষেবা ব্যহত হওয়ায় বেসরকারি হাসপাতালে ভর্তির ঝোঁক বেড়েছে। যার ফলে স্বাস্থ্যসাথী প্রকল্পেও বাড়তি খরচ হচ্ছে।

**************************

উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে জুনিয়র চিকিৎসকদের হুমকি দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে আজ পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। ডিন সন্দীপ সেনগুপ্ত হুমকিদাতাদের সহযোগিতা করছেন বলে অভিযোগ। আজ সুপার ইন্দ্রজিত সাহা, রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান গৌতম দেবের সামনেই তুমুল বিক্ষোভ দেখান জুনিয়র ডাক্তাররা। অধ্যক্ষের কাছে স্মারকলিপিও জমা দেওয়া হয়। অবিলম্বে কলেজ কাউন্সিলের বৈঠক ডেকে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের দাবি জানানো হয়েছে। পাশাপাশি,আরজি কর কাণ্ডে চর্চায় আসা চিকিৎসক অভীক দে'কে এই কলেজে ঢোকা নিষিদ্ধ করার দাবিও তোলেন তারা।

**************************

আর জি কর-কাণ্ডের আবহে রাজ্য মেডিক্যাল কাউন্সিলের দুদিনের বৈঠক বাতিল করা হয়েছে। কাল ও শুক্রবার রাজ্য মেডিক্যাল কাউন্সিলের গুরুত্বপূর্ণ বৈঠক ছিল। আজ সব সদস্যকে ই-মেল করে ওই বৈঠক বাতিল করার কথা জানানো হয়েছে।

**************************

বদলির নির্দেশ পাওয়ার পরই বিতর্কিত চিকিৎসক প্যাথলজি বিভাগের সিনিয়র রেসিডেন্ট বিরূপাক্ষ বিশ্বাসকে গতকালই বর্ধমান মেডিকেল কলেজথেকে অব্যাহতি দেয় হাসপাতাল কর্তৃপক্ষ। বদলির নির্দেশ হওয়া সত্বেও কিভাবে এতদিন তিনি বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে থাকলেন তা নিয়ে কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যাপক ক্ষোভ প্রকাশ করেছেন হাসপাতালের আন্দোলনকারী জুনিয়র ডাক্তাররা এবং চিকিৎসকদের একাংশ। তাদের অভিযোগ বিরুপাক্ষ বিশ্বাস হাসপাতালে আসতেন না বললেই চলে। সন্দীপ ঘোষ ও তার সিন্ডিকেটের সদস্য বলেই তার এত ক্ষমতা।

**************************

পশ্চিমবঙ্গ সহ সারা দেশে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির কাছে অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে কেন্দ্র। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র, মুখ্যসচিব ও রাজ্য পুলিশের ডিজিকে এই মর্মে চিঠি দিয়েছেন। ১০ই সেপ্টেম্বরের আগে এসংক্রান্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

************************

রাজ্য সরকার, এখন থেকে সরকারি হেলথ স্কীমে সরকারি কর্মচারী ও অবসরপ্রাপ্তদের হাসপাতালের আউটডোরে স্নায়ু সংক্রান্ত মানসিক স্বাস্থ্য চিকিৎসার খরচ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই জন্যে অর্থ দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এতদিন এই রোগের চিকিৎসার জন্যে হাসপাতালে ভর্তি হলে তবেই খরচ পাওয়া যেত।

************************

বেলঘড়িয়ার প্রফুল্লনগরে আজ এক যুবক ধারালো অস্ত্র দিয়ে এক স্কুলছাত্রীকে এলপথারি আঘাত করলে এলাকায় উত্তেজনা ছড়ায়।স্কুল শেষে মা এর সাথে বাড়ি ফিরছিল ওই স্কুল ছাত্রী। ঘটনা দেখা মাত্রই স্থানীয়রা ছুটে আসলে তাদের ওপর আক্রমণ করার চেষ্টা করে ওই যুবক। স্থানীয়রা তাকে ধরে ফেলে ব্যাপক মারধর'ও করে।

বেলঘড়িয়া থানার পুলিশ এসে ছেলেটিকে উদ্ধার করে নিয়ে যায়। আহত ওই ছাত্রীকে প্রথমে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু অবস্থার অবনতি হওয়ায় কলকাতার ইএম বাইপাসের ধারে একটি বেসরকারি হাসপাতালে তাঁকে স্থানান্তরিত করা হয়।

************************

হরিয়ানায় কাজে করতে গিয়ে গণপিটুনির বলি হওয়া এরাজ্যের পরিযায়ী শ্রমিকের পরিবারের পাশে দাঁড়াল রাজ্য সরকার। বাসন্তীর বাসিন্দা নিহত সাবির মল্লিকের স্ত্রী শাকিলা সর্দার আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন। সেখানে তাঁর

হাতে নিয়োগ পত্র তুলে দেন মুখ্যমন্ত্রী। তাকে বাসন্তী বিএলআরও দফতরে সহায়ক পদে নিয়োগ করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত ২৭ অগস্ট  হরিয়ানার চরখি দাদরি জেলার অন্তর্গত বধরা থানা এলাকায় সাবির মল্লিককে পিটিয়ে খুন করা হয়। গোমাংস ভক্ষণের সন্দেহে গো রক্ষকেরা তাঁকে হত্যা করেন বলে পরিবারের তরফে অভিযোগ জানানো হয়েছে।

*****************************************************************